

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
নির্বাচন প্রশাসন শাখা
সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ০২ নভেম্বর ২০১৭

নং ১৭.০০.১০৮১.০৩৫.৪৬.১৯৭.১২-৬০১। —“মাননীয় আপিল বিভাগ সিএমপি নং-১৪১৪/২০১৭ এর বিগত ১৯ অক্টোবর ২০১৭ তারিখের আদেশে রিট পিটিশন নং-১৩৮১৮/২০১৭ এর **Rule discharged** সহ **leave petition** টি **disposed of** করায় বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, ১ম আদালত ও নির্বাচনি ট্রাইব্যুনাল, বগুড়া কর্তৃক নির্বাচনি ট্রাইব্যুনালে মামলা নং-০১/২০১৬ এর ০২ অক্টোবর ২০১৭ তারিখের রায়ে ১নং চালুয়াবাড়ি ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে ০১নং বিবাদীর অনুকূলে ঘোষিত নির্বাচনি ফলাফল বাতিল ঘোষণা করে বাদী মোঃ শওকত আলী-কে নির্বাচিত ঘোষণা করায় বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার ১নং চালুয়াবাড়ি ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে নির্বাচন কমিশন এতদ্বারা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা এপ্রিল ১৭, ২০১৬ তারিখে প্রকাশিত ৪৭৬৯নং পৃষ্ঠার ১নং কলামে বর্ণিত ‘চালুয়াবাড়ী’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোঃ আব্দুল কুদ্দুস সরকার, পিতা-নায়ব আলী সরকার, গ্রাম-মানিকদাইড়’ এর পরিবর্তে ‘মোঃ শওকত আলী, পিতাঃ মোঃ আঃ বাকি সরকার, গ্রাম-বিরামের পাঁচগাছি’ শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিল।”

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান
যুগ্ম-সচিব (চ:দা:)
(নির্বাচন পরিচালনা-২)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

(১৬৫৭৫)

মূল্য : টাকা ৪.০০